


প্রথম আলো

বুধবার, ১৭ এপ্রিল ২০১৩

প্রতিবেদন

স্টুয়ার্ট হাগস নামে লিভারপুলের একজন স্বর্ণকার হীরক দিয়ে একটি আইফোন ৪ এবং প্লাটিনাম ম্যাকবুক এয়ার ও সোনা দিয়ে আইপ্যাড ২ তৈরি করেছিলেন। আর সেই উৎসাহেই সম্প্রতি তিনি সোনা ও হীরা দিয়ে আইফোন ৫ তৈরি করেছেন। শুধু তা-ই নয়, এটি পৃথিবীর সবচেয়ে দামি স্মার্টফোন বলে বিবেচিত হয়েছে। নকশাবিদদের মতে, এই আইফোন ৫ তৈরি করতে তাঁর নয় সপ্তাহ সময় লেগেছে। যন্ত্রটি তিনি সম্পূর্ণভাবে হাত দিয়েই তৈরি করেছেন। স্মার্টফোনের বাইরের




সোনা আর হীরা খচিত আইফোন

আবরণটি ২৪ ক্যারেট স্বর্ণ এবং হোম বাটনটি ২৬ ক্যারেট কালো হীরা (ব্ল্যাক ডায়মন্ড) দিয়ে তৈরি করা হয়েছে। যন্ত্রটির পেছনের 'অ্যাপল' লোগোটি তৈরি করা হয়েছে সাদা রঙের হীরা দিয়ে।

সবকিছু মিলিয়ে যন্ত্রটিতে প্রায় ৬০০টি মূল্যবান পাথর ব্যবহার করা হয়েছে। যার মধ্যে ৫৩টি পাথর খরচ হয়েছে পেছনের 'অ্যাপল' লোগো তৈরি করতে।

একজন চীনা ব্যবসায়ী পৃথিবীর সবচেয়ে দামি এই স্মার্টফোন

সবচেয়ে দামি স্মার্টফোন



তৈরির জন্য ফরমাশ দিয়েছিলেন। যন্ত্রটি তৈরিতে দরকারি সবটুকু কালো হীরা তিনি নিজেই সরবরাহ করেছেন। পৃথিবীর সবচেয়ে দামি আইফোন ৫ তৈরি করতে খরচ হয়েছে এক কোটি পাউন্ড (প্রায় এক কোটি ৫০ লাখ ৩০ হাজার মার্কিন ডলার)। অবশ্য এই যন্ত্রটির একটি সাধারণ সংস্করণও তৈরি করা হয়েছে। এটি তৈরি করা হয়েছে শুধু সোনা দিয়ে। আর এর মূল্য নির্ধারণ করা হয়েছে ৩৩ হাজার ৮০০ ডলার।

—জিএসএম অ্যারেনা অবলম্বনে প্রদীপ সাহা